



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা।
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৫৭.৮৯.০০১.২০-২৬৭

তারিখ: ২২-১১-২০২০ খ্রি:

বিষয়: করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধের লক্ষ্যে Oxford/ AstraZeneca Vaccine ক্রয়


সূত্র: জনস্বাস্থ্য-২ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং-৪৫.০০.০০.১৭১.৩২.০১৭.২০২০, তাং-১২-১১-২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধের লক্ষ্যে Vaccine (SARS-CoV-2 AZD 1222 for Covid-19) ক্রয়ের নিমিত্তে গত ০৫/১১/২০২০ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লিমিটেড এবং Serum Institute of India (SII) এর মধ্যে ত্রিপক্ষীয় সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষরিত হয়েছে।

০২। গত ১৬/১১/২০২০ খ্রিঃ তারিখে সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ভ্যাকসিন ক্রয় সংক্রান্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী উক্ত ক্রয়ে Head of the Procuring Entity (HOPE) হবেন মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর।

০৩। এমতাবস্থায়, ক্রয় প্রক্রিয়া সংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণপূর্বক কোভিড-১৯ প্রতিরোধে ভ্যাকসিন ক্রয়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট কাগজপত্র সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে পাতা।


২২.১১.২০২০
(শোঃ রফিকুল ইসলাম)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য/উন্নয়ন), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।